2025-26 ডিরেক্টরি ইনফরমেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং ন্যাশনাল ক্লিয়ারিংহাউসের জন্য অপ্ট আউট (নাম প্রত্যাহার) ফর্ম

ফেডারেল আইন, পারিবারিক শিক্ষাগত অধিকার ও গোপনীয়তা বিষয়ক আইন (ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট, FERPA) অনুযায়ী নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ (NYCPS) কোনও সম্মতি ছাড়া একজন শিক্ষার্থীকে শনাক্তকারী কোনও তথ্য প্রকাশ করতে পারে না। তবে কিছু তথ্য, যা "ডিরেক্টরি ইনফরমেশন" (নির্দেশিকা তথ্য) নামে পরিচিত, তা সম্মতি ছাড়া প্রকাশ করা হতে পারে। **শিক্ষার্থীর মাধ্যমিক-পরবর্তী শিক্ষা সম্পর্কে জানতে NYCPS, ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউস-এর (NSC) সাথে ডিরেক্টরি তথ্য শেয়ার করে। ডিরেক্টরি ইনফরমেশন যেসব তথ্য শেয়ার করে, তাতে রয়েছে 2002-2025 সালে NYCPS হাই স্কুলগুলিতে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর পাশাপাশি 2025-26 সালে নবম গ্রেডে ভর্তি হওয়া শিক্ষার্থীদের নাম এবং জন্মতারিখ।**

শিক্ষার্থীরা কোথায় কলেজে ভর্তি হয় এবং তারা কোন ধরনের ডিগ্রি অর্জন করে, সে বিষয়ে 3,600 কলেজ এবং ইউনিভার্সিটির উপাত্ত বা ড্যাটা NSC-এর কাছে রয়েছে। সাবেক NYCPS শিক্ষার্থীদের শনাক্ত করতে এবং এই শিক্ষার্থীরা কোথায় কলেজে ভর্তি হয়েছে, কখন তারা কলেজে গিয়েছে, তাদের গ্র্যাজুয়েশনের সময়, এবং কোন ধরনের ডিগ্রি অর্জন করেছে, সেই তথ্য NYCPS-কে দিতে, NSC, NYCPS-এর ডিরেক্টরি তথ্য ব্যবহার করে। NYCPS, শিক্ষার্থীদের কলেজের জন্য প্রস্তুতি ও সাফল্য সম্পর্কে বুঝতে এই তথ্য ব্যবহার করে।

কীভাবে ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের সাথে আপনার শিক্ষার্থীর তথ্য শেয়ার করা থেকে নাম প্রত্যাহার করা যায়

আপনি প্রত্যাহার না করলে NYCPS আপনার শিক্ষার্থীর নাম, গ্রেডে স্তর, এবং জন্মতারিখ NSC-কে প্রদান করবে। আপনি নাম প্রত্যাহার করতে চাইলে অনুগ্রহ করে নিচের নির্দেশনা অনুসরণ করুন:

1. এই ফর্মটি **শুক্রবার, 13 ফেব্রুয়ারি, 2026, তারিখের মধ্যে** পূরণ করুন এবং আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে জমা দিন। আপনার যদি NYCPS-এর স্কুল সিস্টেমে একাধিক সন্তান থাকে, তাহলে আপনাকে প্রত্যেক সন্তানের জন্য একটি করে ফর্ম জমা দিতে হবে।

2. 18 অথবা এরচেয়ে বেশি বয়সী যেসব শিক্ষার্থী এই তথ্য প্রকাশ করতে চায় না, তাদেরকে অবশ্যই ফর্মটি পূরণ করতে ও স্বাক্ষর করতে হবে।

3. আপনি এই ফর্ম জমা দিলে, আপনার এই তথ্য প্রকাশ করা হবে না, যতক্ষণ না আপনি এই নাম প্রত্যাহার (অপ্ট আউট) বাতিল করছেন। আপনি যদি নাম প্রত্যাহার (অপ্ট আউট) বাতিল করতে চান, তাহলে আপনাকে অবশ্যই আপনার বা সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে লিখিতভাবে করতে হবে।

এই বিজ্ঞপ্তির অনুলিপি এবং ফর্ম আপনার বা আপনার সন্তানের স্কুলে পাওয়া যাবে, এবং তা অনলাইনে, https://www.schools.nyc.gov/learning/student-journey/college-and-career-planning/national-student-clearinghouse-notice-and-opt-out-form -এ পাওয়া যেতে পারে। এই ফর্ম সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে সংশ্লিষ্ট স্কুলের সাথে যোগাযোগ করুন।

*আপনি যদি ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে তথ্য প্রকাশ করা থেকে **নাম প্রত্যাহার (অপ্ট আউট) করতে চান, শুধুমাত্র তাহলেই** অনুগ্রহ করে এটি পূরণ ও স্বাক্ষর করবেন:*

- ☐ আমি নিচে উল্লিখিত শিক্ষার্থী, এবং আমার বয়স 18 অথবা অধিক। আমি চাইনা আমার নাম, যে গ্রেডে পড়ছি, এবং জন্মতারিখ ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করা হোক।
- ☐ আমি নিম্নোক্ত শিক্ষার্থীর পিতামাতা/অভিভাবক, যার বয়স 18 বছরের কম। আমি **চাইনা** আমার সন্তানের নাম, যে গ্রেডে পড়ছে, এবং জন্মতারিখ ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করা হোক।

শিক্ষার্থীর বয়স 18 বছরের কম হলে পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর: **শিক্ষার্থীর বয়স 18 বছর বা এরচেয়ে বেশি হলে, তার স্বাক্ষর:**

_____ _____

নিচে শিক্ষার্থীর তথ্য দিন:			
শিক্ষার্থীর নাম:	**OSIS#:**	**গ্রেড:**	**জন্মতারিখ (মাস/দিন/বৎসর):**
পিতামাতা/অভিভাবকের নাম:	**স্কুলের নাম (এবং বরো):**		